

স্মারক নম্বর ৪১ .০১.০০০০.০২২.১৮.০০২.২১. ১৬৫

তারিখ: ১৬ জুন ২০২২ খ্রী।

বিষয় : শিশু সুরক্ষা সমাজকর্মীর আবশ্যিক পালনীয় নির্দেশনা।

পরিলক্ষিত হচ্ছে যে কতিপয় সমাজকর্মী দায়িত্বপালনকালে Social Workers' Kit (Vest , আইডি কার্ড, ব্যাগ, ছাতা) এর ব্যবহার করছেন না। আরো গভীরভাবে পরিলক্ষিত হচ্ছে যে, কিছু সমাজকর্মী বিভিন্ন অজুহাতে অফিসে আগমন/প্রস্থান , কর্মস্থল ত্যাগ , ছুটি ভোগ নিয়ম/বিধি মান্য করছেন না এবং বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠান (শিশু কল্যাণ বোর্ড, পুলিশ স্টেশন, প্রবেশন অফিস) এর সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করছেন না। যার ফলে শিশু সুরক্ষা কার্যক্রম যেমন ক্ষতিগ্রস্ত হয়, তেমনি প্রকল্পের ভাবমূর্তিও ক্ষুণ্ণ হয়। এ অবস্থায় নিম্নের বিষয়াবলী আবশ্যিকভাবে প্রতিপালনের জন্য পুনর্ব্যক্ত করা হলো:

ক) দায়িত্ব পালনকালে Social Workers Kits ব্যবহার;

খ) সংশ্লিষ্ট থানা ও প্রবেশন কার্যালয় এবং শিশু সুরক্ষায় নিয়োজিত ব্যক্তি ,সংস্থা বা প্রতিষ্ঠানের সাথে নিয়মিত যোগাযোগ করণ;

গ) যথাসময়ে কর্মস্থলে আগমন ও প্রস্থান, সে সাথে কর্মস্থল ত্যাগ এবং নৈমিত্তিক ছুটি'র ক্ষেত্রে স্থানীয় কর্তৃপক্ষের অনুমতি; মাতৃকালীন ছুটি, বহিঃবাংলাদেশ ছুটি এবং প্রযোজ্য অন্যান্য ছুটি জাতীয় প্রকল্প পরিচালক এর অনুমোদনক্রমে ভোগ;


ঘ) কেস ম্যানেজমেন্ট এর আলোকে রেফারেল/ লিংকেজ এর মাধ্যমে মাসে নূন্যতম ১০ জন শিশু'র প্রয়োজনীয় সেবা নিশ্চিতকরণ;

ঙ) শিশুশ্রম, বাল্যবিবাহ, যৌন নির্যাতন রোধ, মাদকের ব্যবহার, ভিডিও গেমস ও চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপ এর কুফল ইত্যাদি বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে উঠান বৈঠক/ সভা/ স্কুল ক্যাম্পেইন সেশন পরিচালনা;

চ) চাইল্ড হেল্পলাইন-১০৯৮ এর মোবাইল টিম, শিশুকল্যাণ বোর্ড, সমাজভিত্তিক শিশুসুরক্ষা কমিটিকে প্রয়োজনীয় সহায়তা এবং রিসোর্স ডিরেক্টরী প্রণয়ন ও হালনাগাদকরণ এবং

ছ) প্রকল্পের বিভিন্ন আর্থিক ও কার্যক্রমের প্রতিবেদন এবং Best practices/ Success story নিয়মিতভাবে জাতীয় প্রকল্প পরিচালক প্রযোজ্য ক্ষেত্রে সমাজসেবা কার্যালয় ও UNICEF Bangladesh বরাবর প্রেরণ।

বর্ণিত বিষয়াদি অনুসরণের জন্য সবাইকে আন্তরিক ও সচেষ্ট থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মোঃ এমরান খান

সহকারী প্রকল্প পরিচালক
সিএসপিবি প্রকল্প, ফেইজ-২
সমাজসেবা অধিদফতর।

বিতরণ:

১। সমাজকর্মী, সিএসপিবি প্রকল্প, ফেইজ-২ (সকল)।

২। সাইকোসোস্যাল কাউন্সিলর, সিএসপিবি প্রকল্প, ফেইজ-২ (সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
২. জাতীয় প্রকল্প পরিচালক, সিএসপিবি প্রকল্প ফেইজ-২, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন ও অর্থ/ প্রতিষ্ঠান/কার্যক্রম/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৪. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)।
৫. উপপরিচালক, গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ)।
৬. উপপরিচালক -----।
৭. তত্ত্বাবধায়ক/ অধ্যক্ষ/ উপতত্ত্বাবধায়ক-----।
৮. উপজেলা সমাজসেবা অফিসার/ সমাজসেবা অফিসার-----।
৯. প্রবেশন অফিসার-----।
৯. চীফ, চাইল্ড প্রটেকশন সেকশন, ইউনিসেফ বাংলাদেশ, ঢাকা (দৃ.আ. জামিলা আক্তার, সিপিএস)।
১০. চাইল্ড প্রটেকশন অফিসার, ইউনিসেফ জোন অফিস (সকল)।
১১. অফিস।